

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোরেলগঞ্জ, বাগেরহাট
www.morrelganj.bagerhat.gov.bd

স্মারক নং-০৫.৪৪.০১৬০.০০০.১৬.০১১.২১-৬৬৫

তারিখ : ২৯ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ।
 ১৩ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ।

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ৩০/০৬/২০২১ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১১.০২৯.১৮-৪৮৪ নং স্মারকের ছাড়পত্র মোতাবেক বাগেরহাট জেলার মোরেলগঞ্জ উপজেলা পরিষদের অস্থায়ী রাজস্ব খাতে সৃজিত অফিস সহায়ক পদে সরাসরি নিয়োগ পদ্ধতিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়সসীমা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
১	২	৩	৪	৫	৬
০১.	অফিস সহায়ক	০২ (দুই)টি	(১৮-৩০) বছর	জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ২০তম গ্রেড, বেতন স্কেল-৮২৫০-২০০১০/-	অষ্টম শ্রেণি পাস

নিয়োগের শর্তাবলী :

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক/বাংলাদেশের স্থায়ী বাসিন্দা/বাংলাদেশের ডমিসাইল হতে হবে।
২. আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, মোরেলগঞ্জ, বাগেরহাট-এর বরাবরে আবেদন দাখিল করতে হবে। আবেদনপত্র আগামী ৩১/১০/২০২১ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। ধার্য তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
৩. আবেদনপত্রে প্রার্থীর পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত উল্লেখ থাকতে হবে : (ক) প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজীতে) (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) শিক্ষাগত যোগ্যতা (ঙ) জন্ম তারিখ (চ) স্থায়ী ঠিকানা (ছ) বর্তমান ঠিকানা (জ) ৩১/১০/২০২১ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স (ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) অভিজ্ঞতা (যদি থাকে) (ঠ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখ করতে হবে।
৪. সরকারি বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে সে ক্ষেত্রে তাকে তার পিতা-মাতার অনুকূলে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্রের অনুলিপি সহ অন্যান্য প্রমাণকের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
৫. সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, মোরেলগঞ্জ, বাগেরহাট-এর অনুকূলে আবেদনকারীকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
৬. নিয়োগের ক্ষেত্রে উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা-২০১০ সহ অন্যান্য সরকারি বিধিবিধান প্রযোজ্য হবে।
৭. নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের প্রথম দুই বছর চাকুরি শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে।
৮. আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, চেয়ারম্যান/সচিবের কর্তৃক প্রদত্ত নাগরিকদের সনদপত্র, জন্ম নিবন্ধন সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসমূহের সত্যায়িত অনুলিপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) এবং একজন প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।
৯. প্রার্থীর বয়সের ক্ষেত্রে এক্সিডেন্ট গ্রহণযোগ্য নয়। আবেদনকারীর বয়স আগামী ৩১/১০/২০২১ খ্রিঃ তারিখে অবশ্যই ১৮-৩০ বৎসর বয়সের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে ৩২ (বত্রিশ) বৎসর বয়স পর্যন্ত বয়স শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ, জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের বয়স একই হতে হবে। এ বিষয়ে কোন তথ্য গোপন করলে তা প্রমাণিত হলে আবেদনপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০. বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
১১. নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে অবশ্যই মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
১২. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
১৩. কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসামাত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করা হবে।
১৪. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
১৫. আবেদনপত্র গ্রহণ, বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না। নিয়োগ/বাছাই কমিটির সুপারিশ কার্যকর করার পূর্বে উহা উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদন হতে হবে।
১৬. কোন বিদেশী নাগরিকদের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছেন এমন প্রার্থী আবেদনের যোগ্য হবেন না।
১৭. প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সন্ধানিত এবং অব্যবহৃত ১৫ (পনেরো) টাকার ডাক টিকেটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খামযুক্ত করতে হবে এবং খামের উপর প্রার্থীর নাম ও ঠিকানা অবশ্যই উল্লেখ করতে হবে।
১৮. আবেদনপত্রের উপর কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য নয়।
১৯. এ অফিসের ১৬/১১/২০১৪ খ্রি. তারিখের ০৫.৩০.৫৬৭০.৩০১.১০.০০১.১৪-১০১৫ সংখ্যক স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক ইতোপূর্বে যারা অফিস সহায়ক পদে নিয়োগ প্রার্থী হয়ে আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। এ ছাড়া এ অফিসের ২৮/০২/২০২১ খ্রি. তারিখের ০৫.০৪৪.০১৬০.০০০.১৯.০১১.২১-১৬৮ নং স্মারকের পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক যারা অফিস সহায়ক পদে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করতে হবে। সে ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে না। উল্লিখিত নিয়োগ বিজ্ঞপ্তি/পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক আবেদনকারীর বর্তমান বয়সের বিষয়ে সংশ্লিষ্ট বিধিবিধান প্রযোজ্য হবে।
২০. খামের উপর মোটা অক্ষরে পদের নাম লিখতে হবে। নিয়োগ সংক্রান্ত বিস্তারিত তথ্য প্রতিদিন অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

(মোঃ জাহাঙ্গীর আলম)

পরিচিতি নং ১৭২৬৯

উপজেলা নির্বাহী অফিসার

মোরেলগঞ্জ, বাগেরহাট

টেলিফোন নং-০৪৬৫৬-৫৬২২২

মোবাইল নং- ০১৭২৪২২০৫২১